To,
The President of Mukti Office

Sir,

আমার বিনীত নিবেদন এই যে আমি আলোবতী মাইতি, পিতা - প্রফুল্ল মাইতি, গ্রাম+পোঃ - কঙ্কনদিঘী, থানা- রায়দিঘী, জেলা - দক্ষিন ২৪ পরগনার বাসিন্দা হইতেছি ।

বর্তমানে আমি রায়দিঘী কলেজের তৃতীয় বর্ষের বাংলা অনার্সের ছাত্রী হইতেছি । আমি যে এতদূরে আসতে পেরেছি তা মুক্তি থেকে 'স্পনসরশীপ' পাওয়ার ফলে । কারন, যখন আমি মাধ্যমিক পরীক্ষায় স্টার মার্কস পেয়ে একাদশ শ্রেনীতে ভর্তি হতে চাইছিলাম তখন আমার বাবা আর্থিক সংকটের কারনে পড়াশুনা বন্ধ করে দিতে চেয়েছিলেন । তখন আমি মুক্তি সংস্থার কছে যাই এব্য সেই থেকে আমি স্পনসরশিপ পেয়ে আসছি । এব্য উচ্চমাধ্যমিকেও স্টার মার্কস পেয়েছি । আর মুক্তি সংস্থা আমাকে যে সাহায্য করেছে তার জন্য অমি আমার পড়াশুনা ঠিকঠাক চালিয়ে যেতে পারছি ।

মহাশয় আমার বাবা একজন দিন মজুর । তার উপরে আমরা চার ভাই বোনে রায়দিঘী কলেজ পড়াশুনা করছি । কিন্তু বাবা আমাদের ঠিকঠাক পড়াশুনা চালিয়ে যেতে পারছেনা। আমরা বিপত্র চেয়ে চিনতে পড়াশুনা চালিয়ে যাচ্ছি এবং আপনি যে আমাকে স্পনসরশীপ দিচ্ছেন তাতে আমি খুব উপকৃত হচ্ছি এবং আমার পড়াশুনা চালিয়ে যেতে পারছি ।

সেকারন, মহাশয়ের কাছে আমার একান্ত অনুরোধ এই যে আপনি যদি আমার 'স্পনসরশীপটা' বজায় রাখেন তাহলে আমি আমার পড়াশুনাটা সম্পূর্ন করতে পারব । এবং আপনাদের আশীর্বাদে ভবিষ্যতে আমি জীবনে প্রতিষ্টিত হয়ে আমার মত আর পাঁচটা দুঃস্থ ছেলে মেয়েদের পাশে দাঁড়াতে চাই ।

ইতি

স্থান - কঙ্কনদিঘী
তাং - ১৯.০৩.২০১৪

আপনার একান্ত অনুগত ছাত্রী
আলোবতী মাইতি
মোঃ - ৯৬৩৫৩০৩০৫৩